# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৫০০৬/২৫৫ তারিখ: ২৯-০৭-২০২৬ খ্রি.

**বিষয়: সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন সুরত আলী মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ হযরত আলী-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।**

সূত্র: (১) মহামান্য হাইকোর্টের ০৮-০৬-২০২৬ খ্রি. তারিখের ৬৯৪৭/২০২৬ নং রীট পিটিশনের আদেশ।
(২) জনাব মোঃ হযরত আলী-এর ২১-০৬-২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন সুরত আলী মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ হযরত আলী-কে ম্যানেজিং কমিটি ১৯-০১-২০২৫ তারিখে সাময়িক বরখাস্ত করেন। প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ হযরত আলী মহামান্য হাইকোর্টে ৬৯৪৭/২০২৬ রীট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ২০-০৫-২০২৬ খ্রি. তারিখের আবেদন ৩০ দিনের মধ্যে নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেন এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী সাময়িক বরখাস্ত ১৮০ কার্য দিবসের অধিক সময় অতিক্রম হওয়ায় প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ হযরত আলী গত ০৮-০৬-২০২৬ খ্রি. তারিখে মহামান্য আদালতের আদেশ মোতাবেক ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত পত্রটি প্রত্যাহারসহ স্বপদে পুনর্বহালের জন্য যশোর শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ও মহামান্য আদালতের ৬৯৪৭/২০২৬ নং রীট পিটিশন আদেশ মোতাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ হযরত আলী-এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক স্বপদে পুনর্বহাল করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করা এবং সাময়িক বরখাস্তকালীন সময়ের সমুদয় বেতন-ভাতা প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(মুঃ এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি
সুরত আলী মাধ্যমিক বিদ্যালয় (১১৮৭৪৭)
পীরগাজন, কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নম্বর-বিপ-৬/৫০০৬/২৫৫ তারিখ: ২৯-০৭-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ০১ নং সোনারগাঁও রোড, (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৬। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৯। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সুরত আলী মাধ্যমিক বিদ্যালয়, পীরগাজন, কালিগঞ্জ, সাতক্ষীরা।
১০। জনাব মোঃ হযরত আলী, (সাময়িক বরখাস্তকৃত) প্রধান শিক্ষক, সুরত আলী মাধ্যমিক বিদ্যালয়, পীরগাজন, কালিগঞ্জ, সাতক্ষীরা।
১১। সংরক্ষণ নথি।

২৯.৭.২১

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর